দৈনিক ইনকিলাব

তারিখ 16 JAN 2003
পৃষ্ঠা ৭ কলাম ৬

# প্রাথমিক ও এবতেদায়ী ছাত্র-ছাত্রীদের পাঠ্যবই বিতরণ শুরু

**নীলফামারী জেলা সংবাদদাতা :** নীলফামারী জেলার ৬টি উপজেলার প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের ২০০৩ সালের নতুন পাঠ্যপুস্তক (বিনামূল্যে) বিতরণ শুরু হয়েছে। গত ২ জানুয়ারী নতুন বাজার মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্বরে আনুষ্ঠানিকভাবে বই বিতরণের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক আব্দুল বারী খান। ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুল মালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী সভায় বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার আবুল কালাম আজাদ। এতে বক্তৃতা করেন- এটিইও নূরন্নবী ও আব্দুল হামিদ সরকার, প্রধান শিক্ষক ধীরেন্দ্র নাথ দে, জিয়াউল ইসলাম প্রমুখ।